

প্রশ্নঃ ৬৫০. গ্রামের মহিলারা স্বধারণত লাকড়ি, গাছের পাতা দিয়ে মাটির চুলায় রান্না করে। তো দেখা গেল একজনের বাড়ির সাথে অন্য জনের গাছ আছে, সেই গাছ থেকে যেই পাতা গুলো পড়ে সেগুলো কি গাছের মালিক ব্যতীত অন্য কেউ কুড়িয়ে নিয়ে রান্না করতে পারবে? যদি মালিকের অনুমতি না থাকে।

এগুলো এমন জিনিস যা সাধারণভাবে অনুমতি থাকে। তবে যদি সরাসরি নিষেধ করা থাকে যে 'এ গাছের পাতা কেউ সংগ্রহ করবে না' তাহলে গাছের মালিক পাতার মালিক থাকবে তার অনুমতি ছাড়া সংগ্রহ করা যাবে না। তবে উক্ত ক্ষেত্রে বাড়ির মালিক গাছের মালিককে তার গাছের পাতা যেন 'এ বাড়িতে না পড়ে' সে জন্য বলার অধিকার রাখে।

المعروف عرفاً كالمشروط شرطاً

ص 7 - كتاب القواعد الفقهية بين الأصالة والتوجيه

রাসুলুল্লাহ সা. বলেছেন, "কোনো মুসলমানের সম্পদ তার আন্তরিক সন্তুষ্টি ছাড়া গ্রহণ করা অন্য কারো জন্য হালাল নয়।"

(মুসনাদে আহমাদ, হাদিস নং ২০৯৭১; বায়হাকী, হাদিস নং ১১৩২৫)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

